

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৫.২০১৩- ৪৬২

তারিখ: ২১.০৪.২০১৩ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ বানীরত নন্দী (কোড-১১৪৪১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬.০৪.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি তার বিরুদ্ধে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ স্বীকার করে অন্যায় করেছেন বলে জানান। তিনি এফসিপিএস কোর্স করার জন্য এভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বলে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ বানীরত নন্দী (কোড-১১৪৪১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃক্ষি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্ত হবেন না।


(এ. এম. বদরুদ্দোজ)

অতিরিক্ত সচিব


উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৫.২০১৩- ৪৬২(২)

তারিখ: ২১.০৪.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১১ তারিখ হতে ১২.০৩.২০১২ তারিখ, ২৯.০৮.২০১২ হতে ০১.১১.২০১২ এবং ১৮.১১.২০১২ হতে ০৩.০১.২০১৩ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতিকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ
- ১২। ডাঃ বানীরত নন্দী (কোড-১১৪৪১৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ


(হাচিনা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.২৮২.২০১২- ৪৭৯

তারিখ: ২২.০৮.২০১৩ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ রেজিনা বিলকিস (১১৪৮৬৮), মেডিকেল অফিসার, রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিবুকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৬.০৮.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ০১.০৭.২০০৯ তারিখ থেকে ৩০.০৬.২০১১ পর্যন্ত এমফিল কোর্স করার জন্য বারডেম একাডেমিতে প্রেষণে নিয়োজিত ছিলেন। এমফিল পরীক্ষা শেষ হয়েছে জানুয়ারী/২০১২তে। তিনি পরবর্তী পদায়নের জন্য অপেক্ষমান ছিলেন। কিন্তু কর্তৃপক্ষ তার প্রেষণাদেশ বাতিল করেনি বা পদায়ন আদেশও জারি করেননি। অপরদিকে প্রেষণের মেয়াদ শেষান্তে স্বাস্থ্য অধিদপ্তরে সেচ্ছায় যোগদান করতে হবে এ রকম কোন ধারণাও তার ছিল না। তিনি ৩০.০৮.২০১২ তারিখে জারিকৃত পদায়ন আদেশ প্রাপ্তির পর পর বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ রেজিনা বিলকিস (১১৪৮৬৮), মেডিকেল অফিসার, রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিবুকে আনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে ‘তিরঙ্কার’ শাস্তি আরোপ করা হল।


(এ. এম. বদরুর রুফ)

অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.২৮২.২০১২- ৪৬৪১(৫)

তারিখ: ২২.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১১ তারিখ হতে ৩০.০৮.২০১২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতিকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ রেজিনা বিলকিস (১১৪৮৬৮), মেডিকেল অফিসার, রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা


(হাতিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd